# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ফিন্যান্স ও ব্যাংকিং

**সৃজনশীল প্রশ্ন** বিষয় কোড: | ১ | ৫ | ২ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** সনি কোম্পানি চলতি বছর শেয়ার প্রতি ২০ টাকা লভ্যাংশ ঘোষণা করে এবং কোম্পানির প্রত্যাশিত লভ্যাংশ বৃদ্ধির হার ১০%। কোম্পানির শেয়ার প্রতি বাজার মূল্য ২১০ টাকা এবং বাজার খরচ ১০ টাকা।

ক. সংরক্ষিত তহবিল কী? ১

খ. মূলধন মিশ্রণ বলতে কী বোঝ? ২

গ. ৫ বছর পর প্রত্যাশিত লভ্যাংশ কত টাকা হবে? ৩

ঘ. সনি কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় কত হবে? ৪

**২.▶** তানিয়া ৫ বছর পর ৮০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চায়। 'ক' ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপর দিকে 'খ' ব্যাংক তাকে মাসিক ৯% হারে চক্রবৃদ্ধি সুদ দেওয়ার প্রস্তাব দিয়েছে।

ক. EAR-এরপূর্ণরূপ কী? ১

খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. ৫ বছর পরে ৮০,০০০ টাকা পেতে হলে তানিয়াকে বর্তমানে 'ক' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. কোন ব্যাংকে অর্থ জমা রাখা তানিয়ার জন্য লাভজনক? মতামত দাও। ৪

**৩.▶** রাকীব 'ক' ও 'খ' দুইটি প্রকল্পে মূলধন বিনিয়োগ করেন। প্রকল্প দুটির

Teachingbd24.com

গত ৫ বছরের আয় নিম্নরূপ:

| | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প 'ক' | ১৬% | ১৭% | ১৫% | ১১% | ৯% |
| প্রকল্প 'খ' | ১৭% | ১৪% | ১৩% | ১০% | ১৩% |

ক. চক্রবৃদ্ধি সুদ কাকে বলে? ১

খ. আদর্শ বিচ্যুতি বলতে কী বোঝ? ২

গ. 'ক' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. রাকীবের জন্য কোন প্রকল্পটি গ্রহণযোগ্য বলে তুমি মনে করো। ৪

**৪.▶** মিনি ট্রেডার্স তিন বছর সুগন্ধা ও কীর্তনখোলা নামের ২টি প্রকল্পের একটিতে ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান।

| প্রকল্প | প্রাক্কলিত বিক্রয় | | | চলতি খরচ | স্থায়ী খরচ | অবচয় | কর হার |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর টাকা | ২য় বছর টাকা | ৩য় বছর টাকা | বিক্রয়ের ২০% | ২ লক্ষ | ৫ লক্ষ | ৩০% |
| সুগন্ধা | ১১ লক্ষ | ১২ লক্ষ | ১৩ লক্ষ | | | | |
| কীর্তনখোলা | ৯ লক্ষ | ১৩ লক্ষ | ১৪ লক্ষ | বিক্রয়ের ১০% | ১ লক্ষ | ৫ লক্ষ | ৩০% |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পণ্য বৈচিত্রায়ন বলতে কী বোঝ? ২

গ. 'সুগন্ধা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো? ৩

ঘ. কোন প্রকল্পটিতে বিনিয়োগ অধিকতর গ্রহণযোগ্য? যুক্তি দেখাও। ৪

**৫.▶** মিজান এইচএসসি পাস করে তার বাজার এলাকায় একটি ফ্লেক্সিলোডের দোকান দেয়। সাফল্য অর্জন করায় বর্তমানে সে তার ব্যবসায় সম্প্রসারণের কথা ভাবছে।

ক. বিশ্ব বাণিজ্য সংস্থা আত্মপ্রকাশ করে কখন? ১

খ. তারল্য নীতি বলতে কী বোঝ? ২

গ. মিজানের উল্লিখিত ব্যবসায় বেছে নেওয়ার কারণ কী? ব্যাখ্যা করো ৩

ঘ. মিজানের ব্যবসায় সম্প্রসারণের চিন্তাটি কতটুকু যৌক্তিক? ব্যাখ্যা করো ৪

Teachingbd24.com

৬.▶ তানহা ট্রেডার্স ৪,০০,০০০ টাকা দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছেন। এমতাবস্থায় তিনি 'সুগন্ধা' ও 'বিষখালী' নামক দুটি প্রকল্পে পাঁচ বছরের আয়-ব্যয় প্রাক্কলন করে নিচের তথ্যাদি পান:

| প্রকল্প | নগদ প্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| সুগন্ধা | ১,৬০,০০০ | ৮০,০০০ | ১,৯০,০০০ | ১,৫৫,০০০ | ৯৫,০০০ |
| বিষখালী | ১,৭৫,০০০ | ৫৫,০০০ | ২,০০,০০০ | ১,৬০,০০০ | ১,০০,০০০ |

ক. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কোনটি? ১

খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা করো। ২

গ. সুগন্ধা প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য তানহা ট্রেডার্সের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ মতামত দাও। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

Teachingbd24.com

৭.▶ আদিয়াত নার্সারি পড়ুয়া শিশু। তার চাচা তাকে চিপস কিনতে ২০ টাকা দেয়। টাকা পেয়ে সে তার চাচাকে জিজ্ঞেস করে টাকা ছাড়া কিছু কেনা যায় না কেন। তার চাচা তাকে বুঝিয়ে বলে যে, আমাদের দেশে টাকা হচ্ছে বিনিময়ের মাধ্যম।

ক. মুদ্রা কী? ১

খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ২

গ. মুদ্রা কী কী কাজ সম্পাদন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুদ্রার সাথে বাহকের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৮.▶'X' ব্যাংক এ বছর এস.এস.সি পরীক্ষায় A+ প্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করেছে। এছাড়াও বিভিন্ন ধরনের নতুন নতুন সেবা প্রদানের মাধ্যমে তারা ব্যাংকিং কাজকে সহজ করেছে।

ক. কে ঋণ আমানত সৃষ্টি করে? ১

খ. ব্যাংককে স্বল্পমেয়াদি ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? ২

https://teachingbd24.com

গ. বৃত্তি প্রদানের মাধ্যমে 'X' ব্যাংক কোন ধরনের কাজ সম্পাদন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. গ্রাহকের জন্য 'X' ব্যাংক কীভাবে ব্যাংকিং সেবাকে সহজ করেছে বলে তুমি মনে করো। ৪

৯.► সামিনের বাবা দীর্ঘদিন যাবত কুয়েতে বসবাস করেন। প্রতি মাসের শুরুতে তিনি সামিনকে কুয়েত থেকে টাকা পাঠান। সামিন স্থানীয় ব্যাংকের মাধ্যমে সে টাকা সংগ্রহ করে থাকে।

ক. সবচেয়ে নিরাপদ চেক কোনটি? ১

খ. মুরাবাহা কী? ২

গ. উদ্দীপকের সামিন ব্যাংক থেকে কী ধরনের সুবিধা পাচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে অর্থনৈতিক অগ্রগতিতে উদ্দীপকের উল্লিখিত ব্যাংকগুলোর ভূমিকা কী? আলোচনা করো। ৪

১০.► নিঝুম ব্যবসায়ের প্রয়োজনে 'সান' ব্যাংকে টাকা জমা রাখে আবার উত্তোলন করে। মাঝে মাঝে সে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে। ব্যাংকের সাথে তার সম্পর্ক বেশ ভালো।

ক. ব্যাংকার কে? ১

খ. নিঝুমের সাথে ব্যাংকের কেমন সম্পর্ক বিদ্যমান? বর্ণনা করো? ২

গ. আমানতকারীর নির্দেশ পালন ব্যাংকের জন্য কতটুকু গুরুত্বপূর্ণ? আলোচনা করো। ৩

১১.► সোনিয়া 'X' ব্যাংকে চাকরি করেন। তার কর্মরত ব্যাংক দেশের মুদ্রাবাজার ও অন্যান্য ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করে। তাছাড়াও এ ব্যাংক প্রয়োজনীয় নোট ও মুদ্রার প্রচলন করে।

ক. বাংলাদেশের টাকার প্রতীক কোনটি? ১

খ. নিকাশ ঘরের কাজ কী? ২

গ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত'X' ব্যাংকটি কোন ধরনের? বর্ণনা করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড: ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **লভ্যাংশ কী?**
ক লভ্যাংশ বর্তমান মূল্য
খ প্রত্যাশিত লভ্যাংশ
গ শেয়ারের বাজার মূল্য
ঘ প্রত্যাশিত শেয়ার মূল্য

২. **বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয় ব্যবহৃত হয়—**
i. বিনিয়োগ উৎস নির্বাচনে
ii. প্রকল্প মূল্যায়নে
iii. আয় বৃদ্ধিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৩. **পুরাতন শেয়ার মালিকদের অগ্রাধিকারের ভিত্তিতে যে শেয়ার ইস্যু করা হয় তাকে কী বলে?**
ক অগ্রাধিকার শেয়ার    খ বিলম্বিত শেয়ার
গ সাধারণ শেয়ার    ঘ রাইট শেয়ার

৪. **রাকীন সুরমা কোম্পানি হতে ৫ ঃ ১ অনুপাতে স্টক লভ্যাংশ পায়। ফলে তার শেয়ার সংখ্যা—**
i. বৃদ্ধি পায়
ii. অপরিবর্তিত থাকে
iii. হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ ii
গ iii    ঘ i ও ii

৫. **অগ্রাধিকার শেয়ার সাধারণ শেয়ারে রূপান্তরের ফলে—**
i. আয় বৃদ্ধি পাবে
ii. ঝুঁকি বৃদ্ধি পাবে
iii. আয় হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৬. **একটি চকলেট ৫ টাকা। এখানে মুদ্রা কী হিসেবে কাজ করেছে?**
ক বিনিময় মাধ্যম    খ সঞ্চয়ের ভান্ডার
গ মূল্যের পরিমাপক    ঘ স্থানান্তর মাধ্যমে

৭. **রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ক ১৭০০    খ ১৯৩৫
গ ১৯৪৮    ঘ ১৯৭১

৮. **জনাব নাহিদ সিলেট থেকে চট্টগ্রামে তার মাকে ২০০০ টাকা ব্যাংকের মাধ্যমে প্রেরণ করলে ব্যাংকের কোন ধরনের উদ্দেশ্য বাস্তবায়িত হয়?**
ক আমানত
খ প্রতিনিধি
গ উপদেষ্টা ও পরামর্শদাতা
ঘ অর্থ স্থানান্তর

৯. **শেয়ার অবলেখককে অর্থায়ন করে কোন ব্যাংক?**
ক শিল্প ব্যাংক    খ বিনিময় ব্যাংক
গ বিনিয়োগ ব্যাংক    ঘ পরিবহন ব্যাংক

১০. **আমদানি কারকের পক্ষে রপ্তানিকারক যে প্রত্যয়পত্র ইস্যু করে তার কোন নীতি বাস্তবায়ন করে?**
ক উদ্দেশ্যের নীতি    খ বিশেষায়নের নীতি
গ বিনিয়োগ নীতি    ঘ সুনামের নীতি

১১. **জনাব আশিকের প্রয়োজনীয় দলিল সংরক্ষণের জন্য—**
ক লকার ভাড়া    খ যোগাযোগ
গ বিলবাট্টাকরণ    ঘ শুল্ক ও কর

১২. **বিনিময় মাধ্যম সৃষ্টিতে ব্যাংক নিচের কোনটি ব্যবহার করে?**
ক ঋণপত্র    খ সঞ্চয়পত্র
গ আজ্ঞাপত্র    ঘ ক্ষুদ্র ঋণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**

জেসি পিএসসির একদল শিক্ষক কক্সবাজার বেড়াতে যান। সেখানে যাবতীয় ব্যয় তার ইলেকট্রনিক কার্ডের মাধ্যমে সম্পন্ন করেন। ব্যাংক হিসাবে সৈকতের টাকা ফুরিয়ে গেলেও তার লেনদেন ঐ কার্ডের মাধ্যমে সম্পন্ন করতে পারেন। সিলেট ফিরে এসে তিনি সুদসহ ঐ জমাতিরিক্ত টাকা পরিশোধ করেন।

১৩. **উদ্দীপকের শিক্ষকরা টাকা উত্তোলনে ব্যবহার করেন—**
ক ইন্টারনেট ব্যাংকিং
খ ফোন ব্যাংকিং
গ এসএমএস ব্যাংকিং
ঘ এটিএম

১৪. **উদ্দীপকের সেবার আলোকে সঠিক হলো—**
i. সৈকত ছাড়া সবার ডেবিট কার্ড ছিল
ii. সৈকতের ক্রেডিট কার্ড ছিল
iii. সৈকতের ডেবিট কার্ড এবং অন্যদের ক্রেডিট কার্ড ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

Teachingbd24.com

১৫. চেক প্রস্তুতকারককে কী বলে?
ক) পক্ষ খ) আদেষ্টা
গ) আদিষ্ট ঘ) অনুমোদনকারী

১৬. আদিল তার পাওনা টাকা চেকের মাধ্যমে পেয়ে নিজ হিসাব জমার মাধ্যমে উত্তোলন করেন। আদিলের প্রাপ্ত চেকটি কোন ধরনের?
ক) বাহক চেক খ) হুকুম চেক
গ) দাগকাটা চেক ঘ) বাসি চেক

১৭. কোন ব্যাংক মুদ্রাবাজারের নিয়ন্ত্রক?
ক) সোনালী ব্যাংক খ) বাংলাদেশ ব্যাংক
গ) ওয়ান ব্যাংক ঘ) ইসলামী ব্যাংক

১৮. কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে—
i. সুদের হার পরিবর্তন করে
ii. জমার হার পরিবর্তন করে
iii. নৈতিক প্ররোচণা দিয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. ব্যাংক হিসাব খোলার বিবেচ্য বিষয় কোনটি?
ক) ঋণ সুবিধা খ) আয়ের উৎস
গ) ব্যয়ের খাত ঘ) মূলধন খরচ

২০. কোম্পানি লভ্যাংশ দিতে বাধ্য থাকে না কোনটিতে?
ক) সাধারণ শেয়ার খ) অগ্রাধিকার শেয়ার
গ) বোনাস শেয়ার ঘ) বিলম্বিত শেয়ার

২১. ট্রেজারি বিল কোন ধরনের অর্থায়নের সাথে জড়িত?
ক) পারিবারিক খ) সরকারি
গ) আন্তর্জাতিক ঘ) অব্যবসায়ী প্রতিষ্ঠান

২২. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে কোনটি সঠিক?
ক) আমদানি > রপ্তানি খ) আমদানি < রপ্তানি
গ) আমদানি = রপ্তানি ঘ) আমদানি ≠ রপ্তানি

২৩. সরবরাহকারীর দৃষ্টিতে বিনিময় বিলকে কী বলে?
ক) প্রত্যয়পত্র খ) অঙ্গীকারপত্র
গ) প্রাপ্য বিল ঘ) প্রদেয় বিল

২৪. এক মালিকানা ব্যবসায়ে ব্যয়বহুল মেশিন ক্রয়ের ক্ষেত্রে কোন অর্থায়ন পদ্ধতি উত্তম?
ক) বাণিজ্যিক পত্র
খ) ঋণপত্র
গ) ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
ঘ) লিজিং

২৫. জনাব শফিক ৮% ষান্মাসিক চক্রবৃদ্ধি সুদে ৫ বছরের জন্য 'ক' ব্যাংকে ৫০,০০০ টাকা জমা রাখলে উক্ত ব্যাংকের প্রকৃত সুদের হার কত?
ক) ৭.৮৪% খ) ৮%
গ) ৮.১৬% ঘ) ৯%

২৬. কারবারি প্রতিষ্ঠান দেউলিয়া হওয়ার কারণ—
i. ঋণ পরিশোধের অক্ষম হলে
ii. নতুন ঋণ গ্রহণ করলে
iii. ব্যবসায় মুনাফা কম হলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. বিক্রয় হ্রাসে দোকান ভাড়া পরিশোধের অক্ষমতা কোন ধরনের ঝুঁকি?
ক) ব্যবসায়িক ঝুঁকি খ) তারল্য ঝুঁকি
গ) আর্থিক ঝুঁকি ঘ) সুদ হারের ঝুঁকি

২৮. পদ্মা কোম্পানির প্রত্যাশিত লাভ ২৫% কিন্তু প্রকৃত লাভ ৩০% হলে—
i. ঝুঁকি শূণ্য
ii. ঝুঁকি বিদ্যমান
iii. বিচ্যুতি ৫%
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

নিচে 'আশা' প্রকল্পের মুনাফা নির্ণয় বিবরণী দেওয়া হলো—

| বিবরণ | ২০১৬ | ২০১৭ |
|---|---|---|
| বিক্রয় | ১০,০০০ | ? |
| (-) চলতি ব্যয় | ? | ৩,০০০ |
| (-) স্থায়ী ব্যয় | ৪,০০০ | ৪,০০০ |
| (-) অবচয় | ১,০০০ | ১,০০০ |
| করপূর্ব মুনাফা | ৩,০০০ | ১৫,০০০ |

২৯. ২০১৬ সালের চলতি ব্যয়ের পরিমাণ কত টাকা?
ক) ২,০০০ খ) ৫,০০০
গ) ৮,০০০ ঘ) ১৮,০০০

৩০. উদ্দীপকে ২০১৭ সালের বিক্রয় পরিমাণ কত টাকা?
ক) ৭,০০০ খ) ৮,০০০
গ) ১৫,০০০ ঘ) ২৩,০০০

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com